# পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

## ২০২১-২২ অর্থ বছরের পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত তৃতীয় সভার কার্যবিবরণী

**সভাপতি** : ড. তাপস কুমার বিশ্বাস
**সভার তারিখ** : ২৩ ডিসেম্বর ২০২১
**সময়** : ১২.০০ ঘটিকা
**সভার স্থান** : রুম নং-২১৫, পিকেএসএফ ভবন
**সভায় উপস্থিত সদস্যদের তালিকা:** পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি পিকেএসএফ-এর পুণর্গঠিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় বলেন উদ্ভাবিত কোন কর্মপদ্ধতি যদি টিসিভি (TCV) মেনে চলে অর্থাৎ নতুন উদ্ভাবিত কর্মপদ্ধতিটি যদি টাইম, কস্ট ও ভিজিট ইফেক্টিভ হয় তবে সেই পদ্ধতিটিকে সৃজনশীল/ইনোভেটিভ কর্মপদ্ধতি বলা হবে। তিনি শুরু থেকে এ পর্যন্ত পিকেএসএফ-এর সকল ইনোভেটিভ কর্মপদ্ধতিগুলো ডকুমেন্ট আকারে প্রকাশ করার ব্যাপারে অভিমত ব্যক্ত করেন। সভায় ২০২১-২২ অর্থবছরের পিকেএসএফ এর ইনোভেশন কর্মকান্ডের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়সমূহ সুপারিশ করা হয়:

| ক্রম. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | ২০২১-২২ অর্থবছরের পিকেএসএফ এর ইনোভেশন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা | • আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে বিগত ০৮ ডিসেম্বর ২০২১ তারিখে একটি অনলাইন সভা অনুষ্ঠিত হয়। পিকেএসএফ এর পক্ষ থেকে ড. তৌফিক হাসান, উপ-মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন); জনাব কামরুন্নাহার, ব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন) এবং জনাব মো: নাজমুল হাসান, উপ-ব্যবস্থাপক (আইএনটি) অংশগ্রহণ করেন। উক্ত সভায় পিকেএসএফ এর উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় (সংযোজনী-১)<br>• সভায় পিকেএসএফ-এর কর্মকর্তাদের কাছ থেকে নতুন নতুন উদ্ভাবনী আইডিয়া সংগ্রহের জন্য ১ পৃষ্ঠার একটি ফরমেট তৈরি করে পিকেএসএফ-এর Outlook এ দেয়ার জন্য সুপারিশ করা হয়। |
| ২ | বিভিন্ন সংস্থায় উদ্ভাবিত ও অনুসৃত বিভিন্ন ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা বিষয়ক তথ্য প্রেরণ বিষয়ক আলোচনা | • বিগত ২১ ডিসেম্বর ২০২১ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে বিভিন্ন সংস্থায় উদ্ভাবিত ও অনুসৃত বিভিন্ন ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা বিষয়ক তথ্য প্রেরণ করতে বলা হয়। বর্ণিত প্রেক্ষিতে, পিকেএসএফ-এর উদ্ভাবিত ও অনুসৃত ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতির/উত্তম চর্চার মধ্যে প্রতিবন্ধী-বান্ধব ভ্রাম্যমান প্রশিক্ষণ: নাগরিক সেবায় নবতর উদ্যোগ, জিপিএস ভিত্তিক মনিটরিং অ্যাপ্লিকেশন, এবং স্মার্ট ফান্ড ট্রান্সফার: নাগরিক সেবায় ভিন্ন উপায় বিষয়ক ইনোভেটিভ চর্চার তথ্য প্রেরণ করা হয়। |
| ৩ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে আলোচনা | • সভায় ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় পিকেএসএফ-এর করণীয় বিষয়ে ইনোভেটিভ আইডিয়া চিন্তা করার জন্য কমিটির সকল সদস্যকে |

| | | |
|---|---|---|
| | | নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, এ বিষয়ে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সাথে একটি সভা আয়োজন করা যেতে পারে। |

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

TK Biswas
05/03/2022
**(ড.তাপস কুমার বিশ্বাস)**
উপ-ব্যবস্থাপনা পরিচালক -৪

**অনুলিপি :**

১. ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ
২. অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক (সকল)
৩.ইনোভেশন টিমের সদস্য (সকল)
৪. আই এন্ড টি শাখা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)
৫. পিএ টু ডিএমডি-৪
৬. সংশ্লিষ্ট নথি।

সংযোজনী - ১

# ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা
## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
## অর্থ মন্ত্রাণালয়

| ক্রম | দপ্তর/সংস্থা | সূচক ও লক্ষমাত্রা | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সেবা ডিজিটাইজেশন ৩০.১২.২১ | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা ৩০.০৮.২১ | ই-নথির ব্যবহার ৮০% | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন ৪ টি | তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদকরণ ৪টি | বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত ৪টি | কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন ৪টি | ই-গভার্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত ৮০% | কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত ৪টি |
| ২০ | পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন | ইতোমধ্যে সেবা ডিজিটাইজেশনের আওতায় ঋণ আবেদন ছাড়পত্র সেবা সহজীকরণ করা হয়েছে। | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা ৩০.০৮.২১ এর মধ্যে সম্পাদিত হয়েছে। | বর্তমান কোয়ার্টারে ৮৬টি নথি নিষ্পত্তি করা হয়েছে। | এ বিষয়ে কোন সভা হয়নি। তবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় পিকেএসএফ কোন বিষয়ে কাজ করবে তা নির্ধারনের জন্য ডিসেম্বর ২১ এর মধ্যে একটি সভা আয়োজন করা হবে। | ৪টি করা হয়েছে। | ৪টি করা হয়েছে। | ১টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | কোন অর্থ ব্যয়িত হয় নি। | ৩টি সভা হয়েছে। |

১৪.১২.২১

# পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org


পরিশিষ্ট: ক

## পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের স্বাক্ষর

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ড. তাপস কুমার বিশ্বাস | উপ-ব্যবস্থাপনা পরিচালক-৪ | TK Biswas 23/12/21 |
| ২ | ড. তৌফিক হাসান | উপ-মহাব্যবস্থাপক (গবেষণা) | 23/12/21 |
| ৩ | জনাব মোঃ হুমায়ূন কবির | উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম) | 23/12/21 |
| ৪ | জনাব আবুল কালাম আজাদ | সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) | 23/12/21 |
| ৫ | জনাব মোঃ তারিকুল আলম | ব্যবস্থাপক (আইএন্ডটি) | 23/12/21 |
| ৬ | জনাব কামরুন্নাহার | ব্যবস্থাপক (গবেষণা) | 23/12/21 |
| ৭ | জনাব মোঃ নাজমুল হাসান | উপ-ব্যবস্থাপক (আইএন্ডটি) | ২৩.১২.২১ |


**পিকেএসএফ ভবন,** ই-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

ফোন: ৮৮০-২-৮১৮১৬৫৮-৬১, ৮১৮১৬৬৪-৯, ৮১৮১১৬৯ ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭১, ৮১৮১৬৭৮ ই-মেইল: pksf@pksf-bd.org; www.facebook.com/PKSF.org